

## 💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অশুদ্ধ হাদীসের বিষয়ভিত্তিক মূলনীতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৭. কুদায়ীর 'আশ-শিহাব' গ্রন্থের অতিরিক্ত হাদীসসমূহ

৪র্থ হিজরী শতকের পরে কোনো কোনো মুহাদিস হাদীস সংকলন গ্রন্থ রচনা করেছেন। এসকল হাদীস গ্রন্থের মধ্যে কিছু গ্রন্থে সংকলিত প্রায় সকল হাদীসই বানোয়াট ও ভিত্তিহীন। এগুলোর অন্যতম হলো ৫ম হিজরী শতকের মিশরীয় আলিম কাযি আবূ আব্দুল্লাহ মুহাম্মাদ ইবনু সালামাহ আল-কুদায়ী (৪৫৪ হি) প্রণীত 'আশ-শিহাব' নামক গ্রন্থটি। এ গ্রন্থটিতে তিনি প্রায় ১৫০০ হাদীস সংকলন করেছেন। এর মধ্যে কিছু হাদীস পূর্ববর্তী শতাব্দীগুলোতে সংকলিত 'সিহাহ সিত্তা' বা অন্যান্য প্রসিদ্ধ গ্রন্থে সংকলিত। অবশিষ্ট হাদীসগুলো তিনি নিজের সনদে সংকলন করেছেন। এ ধরনের হাদীসগুলো প্রায় সবই বানোয়াট, ভিত্তিহীন বা অত্যন্ত দুর্বল সনদে সংকলিত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4737

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন